গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

স্মারক নং- এসইডিপি/ এইচএসপি/ মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/ তারিখ: ১৬.০৪.২০২৬ খ্রি.

**বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২৬ সালে ভর্তিকৃত ৬ষ্ঠ, ৬ষ্ঠ (মাদ্রাসা) এবং ২০২৫-২৬ শিক্ষাবর্ষের একাদশ ও আলিম ১ম বর্ষ শ্রেণির উপবৃত্তি প্রাপ্তির যোগ্য শিক্ষার্থী নির্বাচন পদ্ধতি নির্ধারণ ও HSP-MIS এ তথ্য এন্ট্রি সংক্রান্ত নিয়মাবলি।**

সূত্র: সমন্বিত উপবৃত্তি কর্মসূচির ০২.০২.২০২৬ তারিখের এইচএসপি/ মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/১৯ নম্বর স্মারক;

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীনে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট্রের আওতায় বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির সংশোধিত ম্যানুয়াল অনুযায়ী ২০২৬ সালের ৬ষ্ঠ, ৬ষ্ঠ (মাদ্রাসা) এবং ২০২৫-২৬ শিক্ষাবর্ষের একাদশ ও আলিম ১ম বর্ষ শ্রেণির শিক্ষার্থীদের ২২/০২/২০২৬ তারিখের মধ্যে **নির্ধারিত আবেদন ফরম** অনুযায়ী তথ্য সংগ্রহ, সংশ্লিষ্ট অফিস কর্তৃক তথ্যাদি যাচাই-বাছাইকরণের জন্য সূত্রস্থ স্মারকে পত্র প্রেরণ করা হয়েছিল। সুপারিশযোগ্য শিক্ষার্থীদের তথ্য HSP-MIS সফটওয়্যারে এন্ট্রির বিষয়ে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০২। **HSP-MIS এ তথ্য এন্ট্রি ও প্রেরণের সময়সীমা:**

**''প্রাতিষ্ঠানিক পর্যায়ের আবেদনপত্র যাচাই-বাছাই কমিটি''** কর্তৃক ২০২৬ সালের ৬ষ্ঠ, ৬ষ্ঠ (মাদ্রাসা) এবং ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের একাদশ ও আলিম ১ম বর্ষ শ্রেণির সুপারিশকৃত শিক্ষার্থীদের তথ্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক আগামী ২০.০৪.২০২৬ তারিখ হতে শুরু করে ০৭.০৫.২০২৬ তারিখের মধ্যে HSP-MIS সফটওয়্যারে নির্ভুলভাবে এন্ট্রি করে সফটওয়্যারের নির্ধারিত অপশন ব্যবহার করে (USEO তে পাঠান) উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক HSP-MIS এ তথ্য এন্ট্রি এবং প্রেরণ সুবিধাটি ০৭.০৫.২০২৬ তারিখ রাত ১০ টায় স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।

০৩। সকল উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কে উপজেলা/মেট্রোপলিটন পর্যায়ে গঠিত উপদেষ্টা কমিটির সভা আয়োজন পূর্বক HSP-MIS সফটওয়্যারের মাধ্যমে উপজেলা/থানায় প্রাপ্ত শিক্ষার্থীদের তথ্যাদি যাচাই-বাছাই করে সুপারিশকৃত শিক্ষার্থীদের তথ্য আগামী **১৪/০৫/২০২৬** তারিখের মধ্যে সফটওয়্যারের নির্ধারিত অপশন ব্যবহার করে HSP/PMEAT-এ প্রেরণ করতে হবে।

০৪। **শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট ''প্রাতিষ্ঠানিক পর্যায়ের আবেদনপত্র যাচাই-বাছাই কমিটি'' নিম্নরূপ:**

| ক্র.নং | কর্মকর্তা/শিক্ষক/প্রতিনিধি | কমিটিতে পদবী |
|---|---|---|
| ০১. | শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ০১ (এক) জন | সভাপতি |
| ০২. | সংশ্লিস্ট শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিংবডি/ ম্যানেজিং কমিটির অন্তর্ভুক্ত ০১ (এক) জন অভিভাবক প্রতিনিধি/সদস্য<br>সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক মনোনীত ০১ (এক) জন শিক্ষক | সদস্য |
| ০৩. | সংশ্লিষ্ট শ্রেণির শ্রেণি শিক্ষক ০১ (এক) জন | সদস্য সচিব |

৪.১। কমিটি এক বা একাধিক সভার মাধ্যমে শিক্ষার্থী কর্তৃক দাখিলকৃত আবেদন পত্রের সকল তথ্যাদি পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই-বাছাই করবে;

৪.২। কমিটির সদস্যগণ প্রয়োজনে শিক্ষার্থীর বাড়ি পরিদর্শন করে প্রদত্ত তথ্যাদির সত্যতা যাচাই-বাছাই করবে;

৪.৩। কমিটির সভায় আবেদনকারী সকল শিক্ষার্থীর তথ্যাদি যাচাই বাছাইঅন্তে উপবৃত্তির জন্য সুপারিশ যোগ্য ও সুপারিশ অযোগ্য শিক্ষার্থীদের তালিকা প্রস্তুত করবে এবং কমিটির সকল সদস্য কর্তৃক স্বাক্ষরিত আবেদন ফরম এবং কার্যবিবরণী শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করবে;

৪.৪। কমিটি সভায় কেবলমাত্র উপবৃত্তির জন্য সুপারিশযোগ্য শিক্ষার্থীদের তথ্যাদি নির্ধারিত সময়ের মধ্যে HSP-MIS এ এন্ট্রির বিষয়ে সুপারিশ করবে।

০৫। **নতুন শিক্ষার্থীদের তথ্য এন্ট্রির পদ্ধতি:**

৫.১। HSP-MIS এর URL (লিংক): hsp.pmeat.gov.bd/login এ প্রবেশ করুন;

৫.২। Login পৃষ্ঠায় গিয়ে Forgot Password/Password ভুলে গিয়েছেন বাটনে ক্লিক করুন। HSP-MIS এ প্রদর্শিত নির্দেশনা মোতাবেক ৬-১২ সংখ্যা বিশিষ্ট একটি Password তৈরি করতে হবে। উল্লেখ্য যে, HSP-MIS এ প্রথমবার প্রবেশ করতে হলে শিক্ষা প্রতিষ্ঠানসহ সকল User কে Forgot Password ব্যবহার করে নতুন Password তৈরি করতে হবে;

৫.৩। Password তৈরির পর Login পৃষ্ঠায় গিয়ে User ID, Password ও Captcha দিয়ে Login বাটনে ক্লিক করুন;

৫.৪। HSP-MIS সফটওয়্যারে প্রবেশ করে মেনুবার অনুসরন করে **'প্রাথমিক নির্বাচন'** অপশনে ক্লিক করুন;

৫.৫। **'প্রাথমিক নির্বাচন'** অপশনে **'নতুন শিক্ষার্থী এন্ট্রি'** অপশনে ক্লিক করুন;

৫.৬। এন্ট্রি ফরমে **শিক্ষার্থীর তথ্য, ঠিকানার তথ্য** এবং **আর্থসামাজিক তথ্য** এন্ট্রি করে এন্ট্রিকৃত তথ্যের সঠিকতা নিশ্চিত হয়ে সংরক্ষণ বাটনে ক্লিক করুন।

৫.৭। এন্ট্রিকালীন সময়ে শিক্ষার্থীদের এন্ট্রিকৃত তথ্য ০৩ টি ধাপে সংরক্ষিত হবে। যদি Network বিচ্ছিন্ন বা অন্য কোন কারণে শিক্ষার্থীদের আংশিক তথ্য সংরক্ষণের পর Logout হয়ে যায় সেক্ষেত্রে পুনরায় Login করে শিক্ষার্থীদের প্রাথমিক নির্বাচন অপশনে **'শিক্ষার্থীর তালিকা খসড়া'** গিয়ে খুঁজুন বাটনে ক্লিক করুন। অতঃপর সংশ্লিষ্ট শিক্ষার্থীর নামের সামনে প্রদর্শিত সম্পাদনা বাটনে ক্লিক করে শিক্ষার্থীদের আবেদনের অবশিষ্ট তথ্যসমূহ যথাযথভাবে পূরণ করে সংরক্ষণ করুন।

০৬। **উপকারভোগী শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়া:**

উপকারভোগী শিক্ষার্থী নির্বাচনে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে-

৬.১। তথ্য এন্ট্রির পর প্রতিষ্ঠান থেকেই এন্ট্রিকৃত তথ্যাদি HSP-MIS এর নির্দিষ্ট অপশন ব্যবহার করে সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বরাবর প্রেরণ করতে হবে।

৬.২। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা শিক্ষা প্রতিষ্ঠান থেকে অনলাইনে প্রাপ্ত সকল আবেদনপত্র উপজেলা/মেট্রোপলিটন এলাকার উপদেষ্টা কমিটির বিবেচনার জন্য পেশ করবেন এবং উপদেষ্টা কমিটির সভায় অনুমোদিত শিক্ষার্থীদের তথ্য উপজেলা/থানা হতে HSP-MIS এর নির্দিষ্ট অপশন ব্যবহার করে PMEAT- প্রেরণ করতে হবে।

৬.৩। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের এন্ট্রিকৃত শিক্ষার্থীদের তথ্য নির্ধারিত সময়ের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠান হতে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসে অথবা মাধ্যমিক শিক্ষা অফিস হতে HSP-MIS এর নির্দিষ্ট অপশন ব্যবহার করে PMEAT-তে পাঠাতে ব্যর্থ হবে, সে সকল শিক্ষার্থীদের তথ্য উপবৃত্তির জন্য নির্বাচন প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত করা সম্ভব হবে না।

৬.৪। সারাদেশ থেকে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে PMEAT-তে প্রাপ্ত আবেদনসমূহ কেন্দ্রীয়ভাবে HSP-MIS সফটওয়্যারের মাধ্যমে কাট-অফ নম্বরের (Proxy Means Testing) ভিত্তিতে স্বয়ংক্রিয়ভাবে সমন্বিত উপবৃত্তি কর্মসূচি কর্তৃক উপবৃত্তির জন্য উপকারভোগী শিক্ষার্থী নির্বাচন করা হবে।

৬.৫। কারিগরি শিক্ষা বোর্ড এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতাধীন কোন শিক্ষা প্রতিষ্ঠান এ স্কিমের আওতাভুক্ত হবে না।

৬.৬। উপকারভোগী শিক্ষার্থী লৈঙ্গিক ভিত্তিতে নয় বরং দারিদ্র্যের মাত্রার ভিত্তিতে নির্বাচিত হবে। ফলে এই প্রক্রিয়ায় নির্বাচিত ছাত্র-ছাত্রীর সংখ্যা কম বেশি হতে পারে।

৬.৭। শারিরীক প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গ এবং বীর মুক্তিযোদ্ধার সন্তান যথাযথ যাচাই বাছাইয়ের পর সরাসরি এই কর্মসূচিতে অন্তর্ভুক্ত হবে। তবে এই ক্ষেত্রে এন্ট্রিকৃত তথ্যের সাথে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রত্যয়ন পত্রের সত্যায়িত কপি HSP-MIS -এ সংযুক্ত এবং শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। **উল্লেখ্য যে, যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রত্যয়ন পত্রের সত্যায়িত কপি HSP-MIS এ সংযুক্ত না করলে আবেদন পত্রটি বাতিল বলে গণ্য হবে।**

৬.৮। প্রাক্তন ছিটমহল এলাকায় অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ হতে এন্ট্রিকৃত শিক্ষার্থীদের সরাসরি এই কর্মসূচিতে অন্তর্ভুক্ত করা হবে। তবে এক্ষেত্রেও সকল শিক্ষার্থীদের আবেদনপত্রের তথ্যাদি শিক্ষা প্রতিষ্ঠান হতে HSP-MIS সফটওয়্যারে এন্ট্রি করে যথাযথ প্রক্রিয়ায় PMEAT-তে প্রেরণ করতে হবে।

৬.৯। মেধাবৃত্তিপ্রাপ্ত দরিদ্র পরিবারের শিক্ষার্থীরাও উপবৃত্তি প্রাপ্তির লক্ষ্যে আবেদন করতে পারবে।

৬.১০। উল্লেখ্য যে, ৯ম (বিশেষ ক্ষেত্রে) শ্রেণির এন্ট্রির তারিখ পরবর্তীতে জানানো হবে। ৯ম (বিশেষ ক্ষেত্রে) বলতে যে সকল শিক্ষা প্রতিষ্ঠান সমন্বিত উপবৃত্তি কর্মসূচিভুক্ত নয়, সে সকল শিক্ষা প্রতিষ্ঠান থেকে ৮ম শ্রেণি পাশ করে সে সকল শিক্ষার্থী সমন্বিত উপবৃত্তি কর্মসূচিভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে ৯ম শ্রেণিতে ভর্তি হয়েছে শুধুমাত্র সে সকল শিক্ষার্থীদের বোঝাবে।

**০৭। নিম্নবর্ণিত ২২ টি উপজেলার ''আবেদনের যোগ্য সকল শিক্ষার্থী '' সরাসরি উপবৃত্তির জন্য নির্বাচিত হবে:**

বান্দরবান জেলার নাইক্ষ্যংছড়ি ও আলিকদম; কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর ,রৌমারী, চর রাজিবপুর, চিলমারী, উলিপুর ও ভূরুঙ্গামারী; দিনাজপুর জেলার কাহারোল ও খানসামা; কিশোরগঞ্জ জেলার কুলিয়ারচর, মিঠামইন, ইটনা ও অষ্টগ্রাম; নেত্রকোণা জেলার খালিয়াজুরী; সুনামগঞ্জ জেলার শাল্লা, ধর্মপাশা ও দোয়ারাবাজার; হবিগঞ্জ জেলার আজমিরীগঞ্জ; নোয়াখালী জেলার হাতিয়া; সিরাজগঞ্জ জেলার চৌহালি এবং ভোলা জেলার মনপুরা উপজেলা। তবে এক্ষেত্রেও সকল শিক্ষার্থীদের আবেদনপত্রের তথ্যাদি শিক্ষা প্রতিষ্ঠান হতে HSP-MIS সফটওয়্যারে এন্ট্রি করে যথাযথ প্রক্রিয়ায় PMEAT-তে প্রেরণ করতে হবে।

**০৮। সুপারিশকৃত শিক্ষার্থীদের তথ্য HSP-MIS সফটওয়্যারে এন্ট্রি:**

৮.১। সুপারিশকৃত সকল শিক্ষার্থীর ১৭ সংখ্যার অনলাইন জন্মসনদ নম্বর এবং সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশন নম্বর আবশ্যিকভাবে HSP-MIS সফটওয়্যারে এন্ট্রি করতে হবে।

৮.২। তথ্য এন্ট্রির পূর্বে ও পরে একাউন্ট নম্বর এবং হিসাবধারীর নাম সঠিক আছে কিনা তা নিশ্চিত হয়ে এন্ট্রি ও সংরক্ষণ করতে হবে।

৮.৩। সুপারিশকৃত সকল শিক্ষার্থীর **পিতা ও মাতা উভয়ের জাতীয় পরিচয় পত্র** (NID) নম্বর HSP-MIS সফটওয়্যারে এন্ট্রি করতে হবে। পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্র নম্বর (NID) ১০ অথবা ১৭ সংখ্যা হবে। ১৩ সংখ্যার জাতীয় পরিচয়পত্রের ক্ষেত্রে প্রথমে জন্ম সালের ৪ ডিজিট বসিয়ে ১৭ সংখ্যায় রূপান্তর করতে হবে।

৮.৪। যে সকল শিক্ষার্থীর পিতা ও মাতা উভয়ের জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর নাই, সে সকল শিক্ষার্থীর আবেদন দাখিল ও এন্ট্রি সংক্রান্ত বিষয়ে পরবর্তীতে সিদ্ধান্ত জানানো হবে।

৮.৫। উপবৃত্তির অর্থ প্রাপ্তির লক্ষ্যে পিতা/মাতা অথবা শিক্ষার্থীর নিজ নামীয় একাউন্ট HSP-MIS সফটওয়্যারে এন্ট্রি করতে হবে।

৮.৬। শিক্ষার্থীর অভিভাবক হবেন পিতা অথবা মাতা। পিতা/মাতা জীবিত থাকা অবস্থায় কোন অবস্থাতেই অন্যান্য ব্যক্তিকে অভিভাবক নির্বাচন করা যাবে না। পিতা/মাতা জীবিত থাকা অবস্থায় অন্যান্য ব্যক্তিকে অভিভাবক নির্বাচন করা হলে

এবং পিতা/মাতা ও শিক্ষার্থী ব্যতীত অন্য কোন ব্যক্তির নামীয় হিসাব নম্বর HSP-MIS সফটওয়্যারে এন্ট্রি করার কারণে সরকারের আর্থিক কোন ক্ষতি হলে তার দায়-দায়িত্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

৮.৭। শিক্ষার্থীর অভিভাবক পিতা অথবা মাতা হলে শিক্ষার্থীদের তথ্য এন্ট্রির ক্ষেত্রে ব্যাংকিং(স্কুল ব্যাংকিং/জেনারেল ব্যাংকিং) অথবা এজেন্ট ব্যাংকিং অথবা মোবাইল ব্যাংকিং (রকেট/বিকাশ/নগদ/উপায়/এম ক্যাশ) একাউন্ট নম্বর যে কোন একটি ব্যবহার করা যাবে। তবে পিতা/মাতার মোবাইল ব্যাংক একাউন্ট ব্যবহার করা হলে একই জাতীয় পরিচয়পত্র (NID) দ্বারা ব্যবহৃত সিমটি রেজিস্ট্রেশনকৃত এবং একাউন্ট খোলা হতে হবে।

৮.৮। পিতা ও মাতা উভয়ের মৃত্যুজনিত কারণে যদি কোন শিক্ষার্থীর 'অন্যান্য ব্যক্তিকে অভিভাবক' হিসাবে নির্বাচন করার প্রয়োজন হয়, সে ক্ষেত্রে শিক্ষার্থীর অভিভাবক হিসাবে আপন ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী-কে নির্বাচন করে আবশ্যিকভাবে শিক্ষার্থীর 'নিজ নামীয় স্কুল ব্যাংকিং হিসাব নম্বর' HSP-MIS সফটওয়্যারে এন্ট্রি করতে হবে। এক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পিতা/মাতার মৃত্যু সনদ/প্রত্যয়ন পত্রের সত্যায়িত কপি HSP-MIS এ সংযুক্ত এবং শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

৮.৯। উপবৃত্তির জন্য শিক্ষার্থীর তথ্য HSP-MIS সফটওয়্যারে এন্ট্রি করলেই উপবৃত্তি প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে না। আবেদনকারী শিক্ষার্থীর প্রদত্ত তথ্যাদি HSP-MIS সফটওয়্যারের মাধ্যমে বিশ্লেষণ করে উপবৃত্তি প্রাপ্তির জন্য শিক্ষার্থী নির্বাচন করা হয়।

**০৯। টিউশন ফি মওকুফ:**

সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের টিউশন ফি/বেতন মওকুফ থাকবে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানকে উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের অনুকূলে স্কিম ডকুমেন্ট মোতাবেক নির্ধারিত হারে টিউশন ফি/বেতন প্রদান করা হবে। **উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের নিকট হতে কোনক্রমেই টিউশন ফি/বেতন আদায় করা যাবে না।**

১০। সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগনকে উক্ত বিষয়টি অবহিতকরণসহ এতদসংক্রান্ত সকল কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করবেন। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে সৃষ্ট যে কোন সমস্যার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা দায়ী থাকবেন।

১১। **ইউজার আইডি ও পাসওয়ার্ড:** HSP-MIS এ প্রথমবার Login করতে হলে স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান এবং USEO/TSEO কে Forgot Password এ ক্লিক করে নতুন Password তৈরি এবং User Active করতে হবে। প্রথমবার নতুন Password তৈরি ও User Active এবং পরবর্তীতে Login করার পদ্ধতি উল্লেখ করে ইতোমধ্যে একটি পত্র উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বরাবর প্রেরণ করা হয়েছে। এছাড়াও, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ওয়েবসাইটে (www.pmeat.gov.bd) প্রকাশ করা হয়েছে। সমন্বিত উপবৃত্তি কর্মসূচির (HSP-MIS) আওতায় উপবৃত্তি সংক্রান্ত যে কোনো সমস্যার সমাধানের জন্য সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে mis.hsp@pmeat.gov.bd ই-মেইলে যোগাযোগ করার অনুরোধ করা হলো।

১২। **হেল্প লাইন নম্বর:** অফিস চলাকালীন সময়ে সকাল ০৯.০০ ঘটিকা থেকে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত (মোবাইল নং- ০১৩১৬৬৫৮২৩০ ও ০১৩১৬৬৫৮৫২৯) যোগাযোগ এবং এন্ট্রিকালীন সময়ে কোন সমস্যার উদ্ভব হলে উক্ত সমস্যার Screenshot নিয়ে বর্ণিত দুইটি নম্বরের যেকোন একটি নম্বরে Whatsapp Message প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

**সংযুক্তি: শিক্ষার্থীর আবেদন ফরম।**

১৮/০৮/২৫

**(মোহাম্মদ আসাদুল হক)**
স্কিম পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৫৫০০২০৭৩

**উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা**
সকল উপজেলা/থানা।

**সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয়, ঢাকা।

০২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয়, ঢাকা।

০৩। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

০৪। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।

০৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

০৬। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

০৭। জাতীয় কর্মসূচি পরিচালক, BACS and iBAS++ স্কিম, SPFMS, অর্থ বিভাগ।

০৮। প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS, অর্থ বিভাগ (পত্রের আলোকে HSP-MIS এ যথাযথ পদক্ষেপ গ্রহণ এবং এন্ট্রি চলাকালীন সময়ে HSP-MIS পর্যবেক্ষণের অনুরোধসহ)।

০৯। সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১০। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১১। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা (দায়িত্ব প্রাপ্ত বিভাগ/জেলা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক কার্যক্রম পরিবীক্ষণের অনুরোধসহ)।

১২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, (সকল) উপজেলা।

১৩। জেলা শিক্ষা অফিসার, (সকল) জেলা।

১৪। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (স্কিমভুক্ত মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক ও সমমান পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান)।

১৫। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৬। প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (পিএমইএটি-এর ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ)।

১৭। সহকারী প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (HSP-MIS সফটওয়্যারে শিক্ষার্থীর তথ্য এন্ট্রির অপশন চালু করার অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
আটোয়ারী, পঞ্চগড়।
www.seo.atwari.panchagarh.gov.bd

স্মারক নং- উ:মা:শি:অ:কা/আটো/পঞ্চ/২০২৬/৮২

তারিখ- ০৭ বৈশাখ ১৪৩৩ ব. / ২০ এপ্রিল ২০২৬ খ্রি.।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ**

০১। স্কিমভুক্ত প্রতিষ্ঠান), ............................................................................, আটোয়ারী, পঞ্চগড়।
(উপরিউক্ত পত্রের মর্মানুযায়ী ২০২৬ সালে ভর্তিকৃত ৬ষ্ঠ, ৬ষ্ঠ (মাদ্রাসা) এবং ২০২৫-২৬ শিক্ষাবর্ষের একাদশ ও আলিম ১ম বর্ষ শ্রেণির উপবৃত্তি প্রাপ্তির যোগ্য শিক্ষার্থী নির্বাচন পদ্ধতি নির্ধারণ ও HSP-MIS এ তথ্য এন্ট্রি সংক্রান্ত নিয়মাবলি যথাযথভাবে পালন পূর্বক আগামী ০৭/০৫/২০২৬ খ্রি. তারিখের মধ্যে HSP-MIS সফটওয়্যারে নির্ভুলভাবে এন্ট্রি করে সফটওয়্যারে নির্ধারিত অফশন ব্যবহার করে (USEO তে পাঠান) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।) সংযুক্ত: আবেদন ফরম।

০২। অফিস কপি।

(লুৎফুল কবির মোঃ কামরুল হাসান)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
আটোয়ারী, পঞ্চগড়।
ফোন: 02588878830
Email: atwariuseo.bd@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

# উপবৃত্তির আবেদন ফরম

## (৬ষ্ঠ, ৯ম (বিশেষ ক্ষেত্রে), ১১শ ও সমমান শ্রেণির জন্য)

আবেদনকারী শিক্ষার্থীর ছবি

ভর্তির শিক্ষাবর্ষ/সেশন:

### শিক্ষার্থীর ব্যক্তিগত তথ্য

শিক্ষার্থীর বোর্ড রেজিস্ট্রেশন নম্বর:

শিক্ষার্থীর বর্তমান শ্রেণি:

শিক্ষার্থীর জন্ম সনদ নম্বর: (১৭ ডিজিট)

শিক্ষার্থীর জন্ম তারিখ:

শিক্ষার্থীর নাম (বাংলা):

শিক্ষার্থীর নাম (ইংরেজি):

শিক্ষার্থীর জেন্ডার (টিক চিহ্ন দিন):

ছেলে ☐ মেয়ে ☐ তৃতীয় লিঙ্গ ☐ **(তৃতীয় লিঙ্গ হলে প্রমাণপত্র সংযুক্ত করতে হবে)**

শিক্ষার্থীর জন্মস্থান:

শিক্ষার্থীর জাতীয়তা: **বাংলাদেশী**

শিক্ষার্থীর ধর্ম:

পেশা: **শিক্ষার্থী**

**পিতার তথ্য:**

পিতার এনআইডি: (১০ অথবা ১৭ ডিজিট)

পিতার জন্ম তারিখ:

পিতার নাম (বাংলা):

পিতার নাম (ইংরেজি):

**মাতার তথ্য:**

মাতার এনআইডি: (১০ অথবা ১৭ ডিজিট)

মাতার জন্ম তারিখ:

মাতার নাম (বাংলা):

মাতার নাম (ইংরেজি):

**অভিভাবকের তথ্য:**

শিক্ষার্থীর অভিভাবক কে (টিক চিহ্ন দিন):

পিতা ☐ মাতা ☐ **অন্যান্য অভিভাবক** ☐

(অন্যান্য অভিভাবক বলতে কেবল মাত্র পিতা ও মাতার মৃত্যুজনিত কারণে আপন ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী-কে বুঝাবে এবং সে ক্ষেত্রে শিক্ষার্থীর নিজ নামীয় স্কুল ব্যাংকিং হিসাব খুলতে হবে)।

**অভিভাবকের স্বাক্ষর/টিপসই** **আবেদনকারী শিক্ষার্থীর স্বাক্ষর**

উপবৃত্তির অর্থ প্রাপ্তির জন্য অভিভাবক হিসাবে যাকে নির্বাচিত করা হয়েছে তার তথ্য নিম্নে প্রদান করুন

| | | | |
|---|---|---|---|
| অভিভাবকের এনআইডি:<br>(১০ অথবা ১৭ ডিজিট) | | জন্ম তারিখ: | |
| নাম (বাংলা): | | | |
| নাম (ইংরেজি) | | | |
| মোবাইল নম্বর | | পেশা: | |

**পেমেন্ট সংক্রান্ত তথ্য:**

শিক্ষার্থী নিম্নোক্ত কোন্ হিসাবধারীর নামে উপবৃত্তির অর্থ পেতে ইচ্ছুক (টিক চিহ্ন দিন):
পিতার নামীয় হিসাব ☐ মাতার নামীয় হিসাব ☐ নিজ নামীয় স্কুল ব্যাংকিং হিসাব ☐

শিক্ষার্থী নিম্নোক্ত কোন্ আর্থিক সেবার মাধ্যমে উপবৃত্তির অর্থ পেতে ইচ্ছুক (টিক চিহ্ন দিন):
ব্যাংক একাউন্ট/স্কুল ব্যাংকিং একাউন্ট ☐ এজেন্ট ব্যাংকিং একাউন্ট ☐ মোবাইল ব্যাংকিং একাউন্ট ☐

**অনলাইন ব্যাংক একাউন্ট (জেনারেল ব্যাংকিং/স্কুল ব্যাংকিং):**

| | |
|---|---|
| ব্যাংকের নাম: | |
| শাখার নাম: | |
| একাউন্টধারীর নাম: | |
| ব্যাংক একাউন্ট নম্বর (১৩ থেকে ১৭ সংখ্যা): | |

**অথবা**
**এজেন্ট ব্যাংকিং একাউন্ট,**

| | |
|---|---|
| ব্যাংকের নাম: | |
| শাখার নাম (স্ব স্ব ব্যাংকের এজেন্ট ব্যাংকিং): | |
| একাউন্টধারীর নাম: | |
| এজেন্ট ব্যাংকিং একাউন্ট নম্বর (১৩ থেকে ১৭ সংখ্যা): | |

**অথবা**
**মোবাইল ব্যাংকিং একাউন্ট,**

| | |
|---|---|
| মোবাইল ব্যাংকিং এর নাম: | |
| মোবাইল ব্যাংকিং একাউন্ট নম্বর (১১ সংখ্যা):<br>(অভিভাবকের এনআইডি দিয়ে একাউন্ট খুলতে হবে) | |
| একাউন্টধারীর নাম: | |

**অভিভাবকের স্বাক্ষর/টিপসই** **আবেদনকারী শিক্ষার্থীর স্বাক্ষর**

**শিক্ষার্থীর স্থায়ী ঠিকানা:**

| | | | |
|---|---|---|---|
| বিভাগ | | ইউনিয়ন/ পৌরসভা/ সিটি কর্পোরেশন | |
| জেলা | | ওয়ার্ড নং | |
| উপজেলা/থানা | | গ্রাম/বাসার নম্বর | |

**শিক্ষার্থীর বর্তমান ঠিকানা:**

| | | | |
|---|---|---|---|
| বিভাগ | | ইউনিয়ন/ পৌরসভা/ সিটি কর্পোরেশন | |
| জেলা | | ওয়ার্ড নং | |
| উপজেলা/থানা | | গ্রাম/বাসার নম্বর | |

**শিক্ষার্থীর বর্তমান শিক্ষাগত তথ্য:**

| | | | |
|---|---|---|---|
| বিভাগ | | গ্রুপ/বিভাগ (১১শ শ্রেণির ক্ষেত্রে) | |
| জেলা | | শাখা | |
| উপজেলা/থানা | | শ্রেণি রোল | |
| বর্তমান শিক্ষা প্রতিষ্ঠানের নাম | | | |

**"আবেদনকারীর পরিবারের আর্থিক অবস্থা সংক্রান্ত তথ্য"**

০১। আবেদনকারীর পড়ালেখার খরচ কে বহন করে? পিতা/ মাতা/ অন্যান্য অভিভাবক **(অন্যান্য অভিভাবক বলতে কেবল মাত্র পিতা ও মাতার মৃত্যুজনিত কারণে আপন ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী-কে বুঝাবে)**।

০২। আবেদনকারীর পিতা-মাতা কি জীবিত? দুই জনই জীবিত/ শুধু মা জীবিত/ শুধু বাবা জীবিত/ কেউ জীবিত নেই (পিতা মাতা কেউ জীবিত না থাকলে প্রমাণপত্র সংযুক্ত করতে হবে)।

০৩। আবেদনকারীর পিতার শিক্ষাগত যোগ্যতা: নিরক্ষর/ প্রাথমিক/ মাধ্যমিক/ উচ্চ মাধ্যমিক/ স্নাতক ও তদূর্ধ্ব (পিতা মৃত হলেও শিক্ষাগত যোগ্যতা নির্বাচন করতে হবে)।

০৪। আবেদনকারীর মাতার শিক্ষাগত যোগ্যতা: নিরক্ষর/ প্রাথমিক/ মাধ্যমিক/ উচ্চ মাধ্যমিক/ স্নাতক ও তদূর্ধ্ব (মাতা মৃত হলেও শিক্ষাগত যোগ্যতা নির্বাচন করতে হবে)।

০৫। আবেদনকারীর কত জন ভাই/বোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত আছে? ১ জন/ ২ জন/ ২ জনের অধিক/ কেউ না।

০৬। আবেদনকারী কি অন্য কোনো উৎস থেকে উপবৃত্তি/শিক্ষাভাতা পান? (হ্যাঁ/ না)।

০৭। আবেদনকারীর কি কোনো শারীরিক প্রতিবন্ধিতার কার্ড আছে? (হ্যাঁ/ না) (হ্যাঁ হলে প্রমাণপত্র দিতে হবে)।

০৮। আবেদনকারী কি জন্মগতভাবে/ দীর্ঘমেয়াদী কোনো রোগে ভুগছেন? (হ্যাঁ/ না) (হ্যাঁ হলে প্রমাণপত্র দিতে হবে)।

০৯। আবেদনকারীর পিতা/ মাতা/ অভিভাবকের কি কোনো শারীরিক প্রতিবন্ধিতার কার্ড আছে? (হ্যাঁ/ না) (হ্যাঁ হলে প্রমাণপত্র দিতে হবে)।

১০। আবেদনকারীর পিতা/ মাতা/ অভিভাবক কি জন্মগতভাবে/ দীর্ঘমেয়াদী কোন রোগে ভুগছেন? (হ্যাঁ/ না) (হ্যাঁ হলে প্রমাণপত্র দিতে হবে)।

**অভিভাবকের স্বাক্ষর/টিপসই** **আবেদনকারী শিক্ষার্থীর স্বাক্ষর**

১১। আবেদনকারীর পিতা-মাতা ব্যতীত পরিবারের অন্য কোনো সদস্য জন্মগতভাবে/দীর্ঘমেয়াদী শারীরিক/মানসিক রোগে ভুগছেন? (হ্যাঁ/ না) (হ্যাঁ হলে প্রমাণপত্র দিতে হবে)।

১২। আবেদনকারী পিতা/ মাতা/ অভিভাবকের পেশা কি? (চাকুরি/ কৃষি / ব্যবসা/ অন্যান্য/ কর্মহীন)।

১৩। আবেদনকারীর পিতা/ মাতা/ অভিভাবক বিদেশে কর্মরত কিনা? (হ্যাঁ/না)।

১৪। আবেদনকারীর পিতা/ মাতা/ অভিভাবকের আয়ের উৎস কোথায়? (শহরে/ গ্রামে)।

১৫। আবেদনকারীর পরিবারের বার্ষিক আয়ের পরিমান কত? (১ লক্ষের নিম্নে/ ১ লক্ষ থেকে ২ লক্ষ/ ২ লক্ষ থেকে ৩ লক্ষ/ ৩ লক্ষের অধিক)।

১৬। আবেদনকারীর পরিবারের উপার্জনরত সদস্য সংখ্যা কত জন? (০১ জন/ ০২ জন/ ০৩ জন/ ০৩ জনের অধিক)।

১৭। আবেদনকারীর পরিবারের সদস্য সংখ্যা কত জন? (৩ জন/ ৪ জন/ ৫ জন/ ৬ জন)।

১৮। আবেদনকারী কোন্ এলাকার শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত? (পাহাড়ি/ হাওড়/ চর/ উপকূলীয়/ সমতল)।

১৯। আবেদনকারী কি বাংলাদেশের ক্ষুদ্র নৃ-গোষ্ঠী পরিবারের সদস্য? (হ্যাঁ/ না) (হ্যাঁ হলে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর নাম ............)।

২০। আবেদনকারীর বসতঘরে কয়টি কক্ষ আছে? (একটি/দুইটি/তিনটি/তিনের অধিক)।

২১। আবেদনকারীর বসতঘর কি ধরনের? (পাকা/ সেমিপাকা/ টিন/ কাঁচা)।

২২। আবেদনকারীর বাড়িতে কোন্ ধরনের টয়লেট আছে? (পাকা/ সেমি পাকা/ কাঁচা)।

২৩। আবেদনকারীর বসতঘরে কোন্ ধরনের ইলেকট্রনিক্স দ্রব্য ব্যবহার করে? (ল্যাপটপ/কম্পিউটার/টিভি/ফ্রিজ/কোনটি না)।

২৪। আবেদনকারীর পরিবারের খাবার পানির উৎস কি? (সাপ্লাই/ টিউবওয়েল/ অন্যান্য উৎস)।

২৫। আবেদনকারীর পরিবারের বার্ষিক ব্যয় কত? (১ লক্ষের নিম্নে/ ১ লক্ষ থেকে ২ লক্ষ/ ২ লক্ষ থেকে ৩ লক্ষ/ ৩ লক্ষের অধিক)।

২৬। আবেদনকারীর পিতা/মাতার মোট জমির পরিমাণ কত? (ভূমিহীন/ ১-৫ শতাংশ/ ৬-১০ শতাংশ/ ১০ শতাংশের অধিক)

২৭। আবেদনকারীর পিতা/মাতা/অভিভাবকের কি কোন ক্ষুদ্র ঋণ/ কিস্তি ঋণ আছে? (হ্যাঁ/না)

২৮। আবেদনকারীর পিতা/মাতার কোন্ ধরণের কার্ড আছে? (ভিজিডি কার্ড/ভিজিএফ কার্ড/বয়স্ক ভাতার কার্ড/বিধবা ভাতার কার্ড/ স্বামী পরিত্যক্তা কার্ড/কোনো কার্ড নেই) (কার্ড থাকলে প্রমাণপত্র দিতে হবে)।

২৯। আবেদনকারী কি বীর মুক্তিযোদ্ধার সন্তান? (হ্যাঁ/না) (হ্যাঁ হলে বীর মুক্তিযোদ্ধার প্রমাণপত্র দিতে হবে)

**অভিভাবকের স্বাক্ষর/টিপসই** **আবেদনকারী শিক্ষার্থীর স্বাক্ষর**

| | |
|---|---|
| **শিক্ষা প্রতিষ্ঠানের নাম:** | |
| **EIIN নম্বর:** | |

**শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে আবেদনপত্র যাচাই বাছাই কমিটির সুপারিশ ও স্বাক্ষর:**

ক) HSP-MIS এ এন্ট্রির জন্য সুপারিশ যোগ্য ☐ টিক চিহ্ন দিন

খ) HSP-MIS এ এন্ট্রির জন্য সুপারিশের অযোগ্য ☐ টিক চিহ্ন দিন

**সভাপতি (শিক্ষা প্রতিষ্ঠান প্রধান)**
আবেদনপত্র যাচাই বাছাই কমিটি

**সদস্য (অভিভাবক/ শিক্ষক প্রতিনিধি)**
আবেদনপত্র যাচাই বাছাই কমিটি

**সদস্য সচিব (শ্রেণি শিক্ষক)**
আবেদনপত্র যাচাই বাছাই কমিটি

**উপবৃত্তির অর্থ প্রাপ্তির লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনাবলী আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে**

১। জেনারেল ব্যাংকিং এর ক্ষেত্রে পিতা/মাতার মধ্যে যাকে অভিভাবক হিসাবে নির্বাচন করা হবে তাঁর নামে একাউন্ট খুলতে হবে এবং একাউন্টধারীর নাম হিসাবে অভিভাবকের নাম দিতে হবে। স্কুল ব্যাংকিং একাউন্ট এর ক্ষেত্রে শিক্ষার্থীর নামে একাউন্ট খুলতে হবে এবং একাউন্টধারীর নাম হিসাবে শিক্ষার্থীর নিজের নাম দিতে হবে।

২। পিতা ও মাতা কেউ জীবিত না থাকলে অন্যান্য অভিভাবক হিসাবে আপন ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী-কে নির্বাচন করলে শিক্ষার্থীর নিজ নামীয় একাউন্ট হিসাবে অনলাইন স্কুল ব্যাংকিং একাউন্ট খুলতে হবে এবং একাউন্টধারীর নাম হিসাবে শিক্ষার্থীর নিজের নাম দিতে হবে।

৩। এজেন্ট ব্যাংকিং এর ক্ষেত্রে শিক্ষার্থীর নামে একাউন্ট খুললে একাউন্টধারীর নাম হিসাবে শিক্ষার্থীর নাম লিখতে হবে অথবা পিতা/মাতার মধ্যে যাকে অভিভাবক হিসাবে নির্বাচন করা হবে তাঁর নামে একাউন্ট খুললে পিতা/মাতার নাম একাউন্টধারীর নাম হিসাবে লিখতে হবে।

৪। মোবাইল ব্যাংকিং এর ক্ষেত্রে পিতা/মাতার মধ্যে যাকে অভিভাবক হিসাবে নির্বাচন করা হবে তাঁর এনআইডি দিয়ে সংশ্লিষ্ট সিম রেজিস্ট্রেশন এবং একাউন্ট খুলতে হবে এবং একাউন্টধারীর নাম হিসাবে পিতা/মাতার নাম লিখতে হবে।

**উপবৃত্তির জন্য শিক্ষার্থীর তথ্য HSP-MIS এ এন্ট্রি/আবেদন করলেই উপবৃত্তি প্রাপ্তির নিশ্চিয়তা প্রদান করে না**